মেহেরপুরে ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের মিছিল-সমাবেশ

‎দেশ-বিরোধী ষড়যন্ত্র পরিকল্পিতভাবে দেশে অস্থিতিশীল নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টার বিরুদ্ধে মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দল।

শনিবার বিকাল সাড়ে পাঁচটার দিকে মেহেরপুর সড়ক ও জনপদ অফিসের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি মহিলা কলেজ রোডে গিয়ে শেষ হয়।

এর আগে সেখানে জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের সভাপতিত্বে সংক্ষিপ্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপি সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

সমাবেশে আরও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক শহিদুল ইসলাম সেন্টু, জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান।

বিক্ষোভ মিছিলে মেহেরপুর জেলা যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দরা অংশগ্রহণ করেন।
‎

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের

৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৫টায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মোল্লা মিন্টুর সভাপতিত্বে এবং সদস্য সচিব শহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. কামরুল হাসান ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিনুল ইসলাম।

আলোচনা সভায় জেলা ও উপজেলা পর্যায়ের স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথির বক্তব্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. কামরুল হাসান বলেন, “স্বেচ্ছাসেবক দলের প্রতিটি ওয়ার্ড ও অঞ্চলের যোগ্য ও সক্রিয় নেতাকর্মীদের মধ্য থেকেই আহ্বায়ক ও সিনিয়র নেতাদের দায়িত্ব দেওয়া হয়েছে। আমরা আশা করেছিলাম, যাদের কমিটিতে দায়িত্ব দেওয়া হচ্ছে তারা মেহেরপুরের স্বেচ্ছাসেবক দলকে সুন্দর, সুসংগঠিত ও শক্তিশালীভাবে গড়ে তুলবেন—যেভাবে তারেক রহমান চান। আপনারা ইতোমধ্যে তার প্রমাণ দিয়েছেন। ইনশাআল্লাহ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দল আরও এগিয়ে যাবে।”

আলোচনা সভায় বক্তারা স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর তাৎপর্য তুলে ধরেন। একই সঙ্গে সংগঠনকে আরও শক্তিশালী, সুসংগঠিত ও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন তারা।

পরে দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নেতাকর্মীরা সংগঠনের ঐক্য ও সাংগঠনিক কার্যক্রম আরও বেগবান করার প্রত্যয় ব্যক্ত করেন।

দামুড়হুদার হাউলীতে জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছাসেবক দলের আলোচনা সভা ও দোয়া মাহফিল

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেলে হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে জয়রামপুর কুঠিরপাড়া এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলামের সভাপতিত্বে এবং সিনিয়র সহ-সভাপতি ইদ্রিস আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আবু বকর, সহ-সাধারণ সম্পাদক তারিখ হোসেন, ১ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক মমিন হোসেন, ৪ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুবেল হোসেন, ৫ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিবুর রহমান, সহ-সভাপতি চাঁদ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের নেতা মিল্টন হোসেন, স্বাধীন হোসেন, মুক্তার হোসেন, রতন, হাসিবুল, রাসেল, এনামুল হকসহ দলীয় নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী রাজনীতির এক উজ্জ্বল নক্ষত্র। তাঁর আদর্শ ও কর্মময় জীবন নতুন প্রজন্মকে দেশপ্রেম, আত্মনির্ভরশীলতা এবং জনগণের কল্যাণে কাজ করার প্রেরণা জোগায়। বক্তারা তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর আদর্শ বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানের শেষপর্বে চৌধুরীপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা

ইছানুর রহমান বিশেষ দোয়া পরিচালনা করেন। দোয়ায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনার পাশাপাশি দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করা হয়।

মুজিবনগরে এতিম শিশুদের নিয়ে স্বেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত সরকারি শিশু পরিবারের এতিম শিশুদের নিয়ে ইফতার মাহফিল করেছে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দল।

শনিবার আয়োজিত এই ইফতার মাহফিলে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স।

এছাড়া উপস্থিত ছিলেন সাবেক ছাত্রদল নেতা শামসুল আল মামুন আনোয়ার ও এরশাদ হোসেন।

দামুড়হুদায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম

প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও জমকালো আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে নেতৃবৃন্দ প্রথমে দশমী কবরস্থান দামুড়হুদায় গাছের চারা রোপণ করেন।

পরবর্তীতে উপজেলা বিএনপি’র অস্থায়ী কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যলিটি উপজেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কার্যালয়ে এসে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, জেলা সেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক এম এ তালহা, যুগ্ম- সম্পাদক আরিফুর রহমান রিবন, উপজেলা বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম।

উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা সেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আব্দুল কাদের, যুগ্ম – আহবায়ক রকিবুল হাসান তোতা, যুগ্ম আহ্বায়ক আহ্বায়ক আবুল কালাম আজাদ, যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক মাহবুব আলম, যুগ্ম- আহ্বায়ক জাহিদুর রহমান, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সেচ্ছাসেবকদলের সভাপতি/সাধারণ সম্পাদকসহ নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের পৃথকভাবে ৪৫

তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দর্শনায় পৃথকভাবে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা জাতীয়তাবাদী, দর্শনা থানা ও দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আয়োজনে এক বর্ণাঢ্য র্যালি বের হয়।

দর্শনা থানা স্বেচ্ছাসেবক দল র্যালিটি দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড় থেকে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষিণ শেষে দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চে এসে শেষ হয়। এরপর স্বাগত বক্তব্য রাখেন, দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক নূরে আলম সিদ্দিকি মজনু শাহ, জেলা যুগ্ম সম্পাদক মঞ্জুরল জাহিদ, সদস্য সচিব আবুহেনা রনি

যুগ্ন আহবায়ক রুহুল আমিন, মির অনিক, আবুল কাশেম, জামাত আলী, আশাবুল হক আনারসহ ছয় ইউনিয়ন স্বেচ্ছাদেবক দলের নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে ৬ টি ইউনিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্টিত হয়। অপরদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিটি ছিল প্রাণবন্ত, উৎসাহ-উদ্দীপনামুখর এবং বিপুল সংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে সমৃদ্ধ। অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সংগ্রামী সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মুনজুরুল জাহিদ। প্রধান বক্তা ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সমন্বয়কারী, ত্যাগী জননেতা জনাব নাহারুল ইসলাম মাষ্টার। এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক শরীফ উদ্দিন ও রেজাউল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়কবৃন্দ— এনামুল হক বাবু, মমিন হোসেন, মহিম কুমার রতন, আবু সাঈদ রতন। অন্যদের মধ্যে ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্যবৃন্দ— আব্দুল আজিজ, হাবিবুর রহমান, মুহিন, মাসুদ, ওয়াসিম, ওমর ফারুক প্রমুখ। এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন,

চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক তৌফাতুর রিংকু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক জাকির হোসেন, দর্শনা থানা যুবদলের সদস্য রাশেদ আহমেদ সজীব।

অনুষ্ঠানের শুরুতে নেতৃবৃন্দ বৃক্ষরোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। পরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়, যা দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ও স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠার তাৎপর্যের কথা স্মরণ করেন। এসময় বক্তারা বলেন, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল দেশের গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে সবসময় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠাবার্ষিকীকে সামনে রেখে প্রত্যেক কর্মীকে দেশের প্রতিটি দুর্যোগে মানুষের পাশে দাঁড়াতে হবে এবং চলমান গণতান্ত্রিক আন্দোলনকে আরও বেগবান করতে হবে।

অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। একই সঙ্গে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব রাশিদুল ইসলাম।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ২টার সময় মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ে এই পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টুর

সভাপতিত্বে ও সদস্য সচিব শহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান সজীব, রাকিবুল ইসলাম সজল, ইলিয়াস হোসেনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট কামরুল হাসান বলেন, “বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি রাষ্ট্র সংস্কারের যে ৩১ দফা কর্মসূচি দিয়েছে, তা বাস্তবায়নের লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। দেশনায়ক তারেক রহমানের নির্দেশে মেহেরপুর জেলা বিএনপিতে যে স্বচ্ছ ও কর্মক্ষম কমিটি গঠিত হয়েছে, তাতে তৃণমূল নেতাকর্মীরা অত্যন্ত সন্তুষ্ট।”

তিনি আরও জানান, জেলা বিএনপি’র আহ্বায়ক জাবেদ মাসুদ মিলটনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যদের নিয়ে ইতিমধ্যে দল পুনর্গঠন এবং ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। অচিরেই একটি উৎসবমুখর পরিবেশে জেলা বিএনপি’র সম্মেলন আয়োজনের পরিকল্পনা রয়েছে।

সভায় উপস্থিত নেতারা স্বেচ্ছাসেবক দলের মূলনীতি “সেবা-ঐক্য-প্রগতি” কে সামনে রেখে দলের জন্য নিরলসভাবে কাজ করার আহ্বান জানান। বক্তারা বলেন, একজন নেতার দায়িত্ব শুধু নেতৃত্ব নয়, বরং সেবক হিসেবে দলের কার্যক্রম চালিয়ে যাওয়া ও জনগণের আস্থা অর্জন করাই মূল লক্ষ্য হওয়া উচিত।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের

আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত

গত ১৪ সেপ্টেম্বর গোপালগঞ্জের নিজ বাড়ি যাওয়ার পথে গাড়ী বহরে আওয়ামী লীগ সন্ত্রাসীদের অতর্কিত হামলায় গুরুতর আহত বাংলাদেশ জাতীয়বাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির বিপ্লবী সভাপতি এস এম ফেলানীসহ সকল আহতদের সুস্থতা কামনা এবং নিহত কেন্দ্রীয় কমিটি ক্রীয়া সম্পাদক শওকত আলী দিদারসহ সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) বিকেল ৫টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে এ দোয়া মাহফিল অনুষ্ঠান হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের শহিদুল ইসলাম, পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোস্তাফিজুর রহমান, পৌর স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক নুরুজ্জামান বাবু, মুজিবনগর স্বেচ্ছাসেবক দলের সভাপতি আশরাফুল আলম, মুজিবনগর স্বেচ্ছাসেবদলের সাধারণ সম্পাদক জুলফিকার আলী, মেহেরপুর সদর উপজেলার স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মাহফুজুর রহমান মাহফুজ, মেহেরপুর জেলা জাসাসের সাধারণ সম্পাদক বাকী বিল্লাহ।

মেহেরপুর সদর উপজেলার সদস্য সচিব ইলিয়াস হোসেনের সঞ্চালনায় বক্তব্য রাখেন বারাদী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি জয়নাল আবেদিন, শ্যামপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি আশাদুল জামান আসাদ, আমঝুপি ইউনিয়ান স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুর রহমান হাফিজ।

পরে দোয়া পরিচালনা করেন আনসার জামে মসজিদের ইমাম সাব্বির হোসেন।

দর্শনায় স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও সমাবেশ

দর্শনায় জাতীয়তাবাদী থানা স্বেচ্ছা সেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল সাড়ে ৩টায় দর্শনা ডাক বাংলো চত্বর থেকে একটি বনার্ঢ্য র্যালী বের হয়ে দর্শনা শহর প্রদক্ষিন করে দর্শনা ডাক বাংলোয় এসে শেষ হয়।

এরপর সমাবেশের মুল কার্যক্রম শুরু হয়। সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ দর্শনা খানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি নুর আলম সিদ্দিকী মজনু।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক পারকৃষ্ণপুর ইউনিয়নের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত। তিনি স্বেচ্ছা সেবক দলের সকল নেতাকর্মীদের উদ্যোশে বলেন রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের আর্দশ মেনে আগামীতে একটি দুর্নীতি ও শোষন মুক্ত দেশ গঠনে সকলকে এগিয়ে আসতে হবে। দীর্ঘ ১৬ বছরের ফ্যাসিস্ট শেখ হাসিনার দুঃসাশনের অবসান ঘটিয়ে আবারও দেশের মানুষ গণতান্ত্রিক রাষ্ট্র গঠনে সকলকে কাজ করে যেতে হবে এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আর্দশকে বাস্তবায়ন করতে হবে।

এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলী, জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, অনষ্ঠানের প্রধান বক্তা দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়কা হাবিবুর রহমান বুলেট, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের দর্শনা পৌর শাখার সমন্বয়ক সদস্য বিশেষ বক্তা নাহারুল ইসলাম, শরীফ উদ্দিন, রাশেদুল ইসলাম, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের দর্শনা পৌর শাখার আহ্বায়ক আব্দুল মান্নান মাষ্টার, দর্শনা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন, দর্শনা পৌর সমন্বয়ক নাসীর উদ্দিন ও লৎফর রহমান, জালাল উদ্দিন,দর্শনা পৌর যুবদলে আহবায়ক জালাল উদ্দিন লিটন, থানা যুবদলে যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন, জালাল উদ্দিন, মহিম কুমার রতন, আব্দুল আজিজ ও মুহিন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা

করেন দর্শনা পৌর সদস্য সচিব আবু হেনা রনি।

গাংনীতে স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দীর্ঘ দেড় যুগ পরে গাংনীতে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৩৯ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। স্বেচ্ছাসেবক দলের ৩৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার বিকেলে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাংনী উপজেলা বিএনপির কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিনশেষে একই স্থানে এসে শেষ হয়। এর আগে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ের সামনে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সাবেক কাউন্সিলর এনামুল হক।

আলোচনা সভায় ভার্চুয়ালী যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ- সভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

সভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক শহিদুল ইসলাম।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, গাংনী পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সু,পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা,পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জামাল উদ্দীন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক অ্যাডাম সুমন, বিএনপি নেতা সোহরাব হোসেন প্রমুখ । সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী।

বক্তারা বলেন, সৈরাচারী ফ্যাসিষ্ট হাসিনা নিরীহ ছাত্র জনতার উপর গুলি চালিয়ে গণহত্যা করেছে। খুনি হাসিনাসহ তার দোসরদের বিচার এই বাংলার মাটিতেই হবে। পরাজিত খুনি হাসিনার দোষররা এখনো দেশে অশান্তি, নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টা লিপ্ত আছে।

বক্তারা আরও বলেন, খুনী শেখ হাসিনা পালিয়ে গেলেও দেশের মধ্যে গোপন ষড়যন্ত্র চলছে। সৈরাচারী হাসিনা বিগত ১৭ বছর আমাদের পথে নামতে দেয়নি। আমাদের নেতাকর্মীদের নামে মিথ্যা নাশকতার মামলা দিয়ে হয়রানি করেছে। মিছিলে উপজেলার বিভিন্ন গ্রাম থেকে শত শত নেতা কর্মী অংশগ্রহন করে এবং খুনি হাসিনা বিরোধী নানা শ্লোগান দেয়।